

ঢাবি'র সেমিস্টার ও কেন্দ্র ফি বাড়ানোর সিদ্ধান্ত স্থগিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : শিক্ষার্থীদের আন্দোলনের মুখে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সেমিস্টার পদ্ধতির পরীক্ষা ও কেন্দ্র ফি বাড়ানোর সিদ্ধান্ত স্থগিত করেছে কর্তৃপক্ষ। তারপরও ৫ মফা দাবিতে আন্দোলন অব্যাহত রেখেছে শিক্ষার্থীরা। সেমিস্টার পদ্ধতিতে পরীক্ষা হচ্ছে বলে দ্বিতীয় সেমিস্টারেও (প্রথম বর্ষ) পরীক্ষা ও কেন্দ্র ফি বাবদ এক হাজার টাকা দেয়ার জন্য নোটস দিয়েছিল কর্তৃপক্ষ। গত সোমবার থেকে কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের দ্বিতীয় সেমিস্টারের শিক্ষার্থীরা এ সিদ্ধান্ত বাতিলের দাবিতে আন্দোলন শুরু করে। আন্দোলনের মুখে মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য জগদীপ সিংহ এমএলএ-ফয়েজ সে সিদ্ধান্ত স্থগিত করার ঘোষণা দেন। তিনি জানান, পরবর্তীতে আলোচনার মাধ্যমে এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে। দাবিতোপার মধ্যে রয়েছে ভর্তি ও দুই সেমিস্টারের ফিসহ যাবতীয় ফি সর্বোচ্চ আড়াই হাজার টাকার মধ্যে রাখা, মানোনুযন পরীক্ষা দেয়ার সুযোগ প্রদান, নির্দিষ্ট সময়ে সেমিস্টার শেষ করা ও ১ মাসের মধ্যে ফল প্রকাশ এবং সেমিস্টার পদ্ধতির সব নিয়মকানুন শিক্ষার্থীদের ফি বাড়ানোর সিদ্ধান্ত স্থগিত করা হলেও আন্দোলন অব্যাহত রাখার ঘোষণা দিয়েছেন আন্দোলনরত শিক্ষার্থীরা। এসব দাবিতে মঙ্গলবার কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের দ্বিতীয় সেমিস্টারের শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেন।